

উনিশ কুড়ি

জুন ২০০৬



সা | ক্ষা | ৭ | কা | র

“মানেকা সরকারকে প্রতিদ্বন্দ্বী ভাবাটা মূর্খামি!”



কলকাতার অন্যতম বিখ্যাত ও বনেদি পরিবারের মেয়ে রোশনি। বিখ্যাত জাদুকর প্রিন্স শীলের মেয়ে। রোশনির আরও একটা পরিচয় আছে। ম্যাজিশিয়ান রোশনি শীল। জরুরি হটকে এই টিনএজারের মুখোমুখি ‘উনিশ কুড়ি’। তাঁর সঙ্গে কথা বলেছেন স্বচ্ছতোয়া গুহ

- ▶ ম্যাজিশিয়ান রোশনি শীলের গল্পটা কী? জন্মের পর থেকেই আমি ম্যাজিক দেখে আসছি। বাপিকে দেখেই বড় হয়েছি। ম্যাজিকের ফ্যানটাসি ওয়ার্ল্ড, জমকালো ব্যাপারস্বাপার, তখন থেকেই আমাকে টানত। পরে বাপিকে দেখে বুকেছি, ম্যাজিক কমিউনিকেশনের সেরা মাখামও বটে। বিভিন্ন সামাজিক মেসেজও, ধ্রু ম্যাজিক দর্শকের কাছে তাড়াতাড়ি পৌঁছয়।
- ▶ অভিনয়, গান, মডেলিং করলে যত দ্রুত প্রচারের আশেয় আসে যায়, ম্যাজিক দেখিয়ে প্রচার পাওয়া কিন্তু একটু শক্ত। তাই না? এটা নিয়ে মিডিয়ার উপর আমাদের একটা অভিমানে জায়গা আছে। সরকার ম্যাজিককে ‘আর্ট’ হিসেবে স্বীকৃতিই দেয় না। তা ছাড়া সমাজ এখনও ম্যাজিককে ‘শুধু বাচ্চাদের জন্য’ ভাবে। অনেকে ম্যাজিক বা ম্যাজিশিয়ান বলতে শুধু পি সি সরকারকেই বোঝে। কিন্তু অন্যান্য ম্যাজিশিয়ানদের স্বীকৃতি, বক্তব্য, সমস্যা তুলে ধরাও তো উচিত।
- ▶ সমাজ তো ম্যাজিককে বোকা বানানোর ছুতো বলে ধরে নেয়? (হেসে) আমরা কিন্তু কাজিকে বোকা বানাই না। আমরা এন্টারটেমেন্টার। তুমি যদি এন্টারটেইনড হতে চাও, তা হলে আমাদের কাছে এসো। আসলে ম্যাজিকের প্রতি সমাজের মেটালিটি স্থবির হয়ে আছে। ম্যাজিক আট থেকে আশির জন্য, এটা মানতে সকলে নারাজ। আমরা আজকাল অবাধ হতে তুলে পিঠিয়েছি, হতে চাইও না। এই বিশ্বে অবাধ কাটিয়ে তোলার ক্ষেত্রেও মিডিয়া একটা বড় ভূমিকা নিতে পারে।
- ▶ তোমার প্রথম স্টেজ শো তো মাত্র সাড়ে চার বছর বয়সে। সেদিনের কোনও ঘটনা মনে আছে? অল্প-অল্প মনে আছে। সেওঘরের মোহনানন্দ প্রজ্ঞাচারীর আশ্রমে বাপির সঙ্গে শো করছিলাম। আমার পারফরম্যান্স দেখে আশ্রমের মহারাজ আমার গায়ে চারটে বেনারসি জড়িয়ে দিয়েছিলেন।
- ▶ তুমি তো ভারতের বাইরেও দক্ষিণ-পূর্ব এশিয়ায় শো করছ। বিদেশের মানুষ ম্যাজিক নিয়ে কতটা উৎসাহিত? বিদেশে ছবিটা পু-রো উলটো। বিদেশে টিভিতে ম্যাজিক শো লাইভ দেখানো হয় বা ম্যাজিক নিয়ে সিরিয়ালও হয়। যেমন, ‘ম্যাজিক আট লাস ভেগাস’। ওখানকার পাসে, হোটেল, ডিনারের পর প্রতিটা টেবিলে ম্যাজিক দেখানো হয়। বাপিকেও এরকম বহু জায়গায় ম্যাজিক দেখাতে দেখেছি। ওদেশের ম্যাজিশিয়ানরা সরকারি অনুদান পায়, এনএসসি, ম্যাজিক নিয়ে পরীক্ষানিরীক্ষা করার জন্য আলাদা ইঞ্জিনিয়ারও থাকেন।
- ▶ তোমার স্কুল-কলেজ সম্পর্কে কিছু বলো। স্কুলিং করেছি লোরেন্টো ডে স্কুল, বউবাজার থেকে। কলেজ শ্রীশিক্ষায়তন, পাসে কর্মার্স নিয়ে পড়ছি। আমার ম্যাজিকের ক্ষতি হবে ভেবে কলেজ কর্তৃপক্ষই আমাকে অনার্স নিতে দেননি। সামনেই পার্ট টু পরীক্ষা।
- ▶ নিজের কেরিয়ারকে অর্থনৈতিক ভাবে চালা রাখার জন্য ম্যাজিকের পাশাপাশি অন্য কিছু করার কথা কি ভাবছ? আমি শিওর নই, এখনও ঠিক কী চাকরি করব। তবে যাই করি, ম্যাজিককে দরকারি সময় দিয়েই করব। ইচ্ছে আছে, কোনও প্রফেশনাল কোর্স করার।
- ▶ ম্যাজিকের জন্য অন্য কতটা পড়াশোনা করার দরকার হয়? স্টেজে লাইভে গ্যালারির শেষ লোকটিকেও আকর্ষণ করার ক্ষমতা আসে পড়াশোনা থেকেই। প্রচুর অধ্যবসায়, গুচও পরিশ্রম লাগে ম্যাজিকের পিছনে। ম্যাজিকে নতুন

আনা, ম্যাজিকের মাধ্যমে নানা মেসেজ দেওয়া — এগুলো পড়াশোনা ছাড়া অসম্ভব। স্কুল-কলেজের পড়াশোনার বাইরে প্রচুর বইপত্র পড়তে হয়। কারণ, যত তোমার সাধারণ জ্ঞান বাড়বে, তত তুমি ম্যাজিকে বৈচিত্র্য আনতে পারবে।

▶ পি সি সরকার জুনিয়রের মেয়েরা কি তোমার প্রতিদ্বন্দ্বী? ভারতীয় জাদুকরদের কাছে পি সি সরকার পায়োনিয়ার। ভারতীয় জাদুকে যে জায়গায় উনি পৌঁছে দিয়েছেন, সেটাকে এগিয়ে নিয়ে যাওয়াই আমাদের কর্তব্য। সে ক্ষেত্রে মানেকাদের প্রতিদ্বন্দ্বী ভাবাটা মূর্খামি।

▶ মহিলা ম্যাজিশিয়ান হওয়ার পথে কখনও কারও কটাক্ষ শুনতে হয়েছে? এই খড়গলো আমার বাপিকেই বেশি ফেস করতে হয়েছে। আমাকে ততটা সামলাতে হয়নি। তবে একটা প্রচ্ছের সম্মুখীন বরাবরই হতে হয়েছে, ‘তুমি ম্যাজিকটা কটিনিউ করতে পারবে তো?’

▶ ম্যাজিশিয়ান হিসেবে তোমার আইডল? আমার বাবা, পি সি সরকার আর ডেভিড রুপারফিল্ড। ওঁর ম্যাজিক আমার কাছে স্বপ্নের মতো মনে হয়।

▶ জাদুর সাহায্যে পৃথিবীর ভিনটে অবস্থার বদল ঘটতে চাইলে, কী-কী বেছে নেবে? এক, অভাব নামক বস্তুটিকে পৃথিবী থেকে ভ্যানিশ করব, প্রথমেই। দুই, ভারতবর্ষকে জগতের শ্রেষ্ঠ আসনে বসাব। তিন, দুনিয়ার সমস্ত রকম হিপোক্রেসিকে দূর করব।

